



## কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

প্রকাশিত: ১৭ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

নিজস্ব সংবাদদাতা, ঠাকুরগাঁও, ১৬ নবেম্বর ॥ শিক্ষার মান উন্নয়ন ও পরীক্ষায় ভাল ফল অর্জনে অভিভাবকের ভূমিকা বিষয়ে ঠাকুরগাঁও সদর উপজেলার ১৮নং দানারহাট সরকারী প্রাথমিক বিদ্যালয় চত্বরে শনিবার মা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। এসময় বিদ্যালয়ের কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা দেয়া। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক আজিজুর রহমান। বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ফারহানা তানজিয়া মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে অভিভাবক মায়েদের পক্ষে বক্তব্য রাখেন জামিয়া খাতুন ও সাবিনা ইয়াসমিন। সমাবেশে শিক্ষার মান উন্নয়ন ও পরীক্ষায় ভাল ফল অর্জনে অভিভাবকের করণীয় বিষয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়।

### চেক বিতরণ

নিজস্ব সংবাদদাতা, কেরানীগঞ্জ, ১৬ নবেম্বর ॥ শনিবার দুপুরে কেরানীগঞ্জের পশ্চিমদি এলাকায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস স্থাপন প্রকল্পে জমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের মাঝে ক্ষতিপূরণের চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিদ্যুত, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেন, নামকরা ও আধুনিক বিশ্ববিদ্যালয় হবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়ের রাস্তা হবে ৮০ ফুট, বিশ্ববিদ্যালয় এলাকায় নদীতে জেটি হবে, বিশ্ববিদ্যালয় অভ্যন্তরে বিশাল লেক, ছাত্র-ছাত্রীদের চলাচলে ট্রাম লাইন হবে, ওয়াস্ট পানি পিউরিফিকেশন করে আবার ব্যবহারযোগ্য করার প্রকল্প থাকবে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস্র: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com